**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**24 SEPTEMBER 2025** **7:35 AM IST**

===============================================================

উত্তর-পূর্ব সীমান্ত রেল আসন্ন দূর্গা পূজা , কালী পূজা ও ছটা পূজা উপলক্ষ্যে যাত্রী ভীড় সামাল দিতে ২৩ জোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে । আগামী পয়লা অক্টোবর থেকে ১৫ই নভেম্বর পর্য্যন্ত বিষেশ ট্রেনগুলি চলাচল করবে । এই উৎসব বিশেষ ট্রেনগুলি শিলচর সহ গুয়াহাটী , আগরতলা , ধর্মনগর , কলকাতা , বেঙ্গালুরুর মধ্যে চলাচল করবে ।

---

শিল্পী জুবিন গার্গের অন্ত্যেষ্টিক্রিয়া গতকাল গুয়াহাটীর পার্শ্ববর্তী সোনাপুরের কামারকুছির ‘জুবিনক্ষেত্রে’সম্পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয় । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা , প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসেবে কেন্দ্রীয় মন্ত্রী কিরেণ রিজিজু , কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল , কেন্দ্রীয় বিদেশ প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা , আসাম বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী , অসম প্রদেশ কংগ্রেস সভাপতি গৌরব গগৈ , বিরোধি দলনেতা দেবব্রত শইকিয়া সমাধিস্থলে প্রিয় শিল্পীকে শ্রদ্ধা নিবেদন করেন । পরিবারের সিদ্ধান্ত অনুযায়ি প্রয়াত শিল্পীর

শ্রাদ্ধানুষ্ঠান যোরহাটে পালন করা হবে এবং ঐদিনই তাঁর চিতাভষ্ম যোরহাটের জনসাধারণকে আনুষ্ঠানিকভাবে অর্পণ করা হবে ।

---

হাইলাকান্দি জেলায় আসন্ন শারদীয়া দূর্গাপূজা সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে  পুলিশ প্রশাসনের উদ্যোগে গতকাল পুলিশ সুপারের কার্য্যলয়ের সভাকক্ষে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে । পুলিশ সুপার অমিতাভ সিনহার পৌরহিত্যে আয়োজিত সভায় পূজা কমিটিগুলিকে মন্ডপে সি সি টিভি  লাগানো ও দূর্যোগ মোকাবিলার জন্য প্রাথমিক সরঞ্জাম মজুদ রাখতে নির্দেশ দেওয়া হয়েছে । পুলিশ সুপার শ্রী সিনহা জানান যে পূজার সপ্তমী থেকে নবমী সন্ধ্যা পাঁচটা থেকে রাত ১২টা পর্য্যন্ত জরুরী পরিষেবার গাড়ী ছাড়া অন্য কোন ধরনের যান বাহন হাইলাকান্দি শহরে প্রবেশ করতে পারবে না ।  সভায় পৌর সভাপতি মানব চক্রবর্তী , সহকারী চক্র আধিকারীক আরিফ আহমেদ চৌধুরী সহ পুলিশ প্রশাসনের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলার সার্বজনীন দূর্গা পূজা কমিটিগুলিকে রাজ্য সরকারের পক্ষ থেকে আর্থিক সাহায্য প্রদান করা হবে । রাজ্য সরকার প্রতিটি পূজা কমিটিকে  ১০ হাজার টাকা করে অনুদান প্রদান করবে । এবছর জেলার দুশ ৯৭টি পূজা কমিটি এই অনুদান লাভ করবে বলে বিজেপির জেলা সভাপতি কল্যান গোস্বামী জানিয়েছেন ।

---

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল শিলচরে আয়োজিত শুশ্রূষা স্বাস্থ্য শিবিরে এক হাজার নয়শ ১৮ জন রোগীর চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ প্রদান করা হয় এবং দুশ ৩৪ জনকে উন্নত চিকিৎসার জন্য উন্নত হাসপাতালে পাঠানো হয়েছে । স্বাস্থ্য শিবিরে বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত মৃদুল যাদব বলেন যে ২০২৫ সালের মধ্যে আসামকে যুক্ষা মুক্ত করার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর স্বপ্ন পূরনে কাছাড় উদাহরন স্থাপন করবে । স্বাস্থ্য শিবিরে স্বাগত বক্তব্য রাখেন যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডক্টর শিবানন্দ রায় ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে আজ আসাম সহ সমগ্র উত্তর-পূর্ব ভারতে ভারী বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে ।

---

রাজ্যের তপশিলী জাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেনীর সঞ্চালকালয়ের পক্ষ থেকে তপশিলী জাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেনীর পড়ুয়াদের ২০২৫-২৬ সালের আর্থিক অনুদান এবং সহায়তার জন্য অনলাইন দরখাস্ত জমা দেওয়ার সময়সীমা আগামী ৩১শে অক্টোবর পর্যন্ত বাড়ানো হয়েছে । আগে এই দরখাস্ত জমা দেওয়ার সময়সীমা চৌঠা জুলাই পর্যন্ত ছিল । দরখাস্ত মাই স্কিম পোর্টালে জমা করা যাবে । হাইলাকান্দির মহকুমা কল্যাণ আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জেলার তপশিলী জাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেনীর শিক্ষার্থীদের অনুদান এবং সহায়তার সুযোগ নিতে আবেদন জানানো হয়েছে । বিশদ বিবরণ মহকুমা কল্যাণ আধিকারিকের কার্যালয়ে পাওয়া যাবে ।

---

শ্রীভূমি জেলার জল সম্পদ বিভাগের কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে ২৬শে সেপ্টেম্বর থেকে ৮ই অক্টোবর পর্য্যন্ত জল সম্পদ বিভাগের কন্ট্রল রুম খোলা থাকবে । এই কন্ট্রল রুম সকাল ৭টা থেকে রাত ৮টা পর্য্যন্ত খোলা থাকবে । কন্ট্রল রুমের দায়িত্বে রয়েছেন বাস্তুকার ভূপেশ ভট্টাচার্য্য ।

---

শ্রীভূমি জেলা খাদ্য ও গনবন্টন বিভাগ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলায় অক্টোবর মাসের প্রধানমন্ত্রী গরীব কল্যান অন্ন যোজনার চাল বরাদ্দ করা হয়েছে । এই চাল অন্ত্যোদয় অন্ন যোজনার হিতাধিকারীদের কার্ড পিছু ৩৫ কিলোগ্রাম এবং প্রায়রিটি হাউস হোল্ড রেশন কার্ডধারীদের মাথা পিছু পাঁচ কিলোগ্রাম করে বন্টন করার নির্দেশ দেওয়া হয়েছে ।

---

কাটিগড়া পূর্ত বিভাগের সহকারী কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে বদরপুর জুমবস্তী কালীবাড়ী রোডে একটি কালভার্ট দূর্বল হয়ে পড়ায় , এই সড়ক দিয়ে সব ধরনের ভারী যান চলাচল সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে । জনগনের সুবিধার্থে এই সড়ক দিয়ে শুধুমাত্র দু চাকা ও তিন চাকার হালকা যান চলাচল করতে পারবে বলে বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে । এই সময়ে যাতায়াতের জন্য বদরপুরের ভারতীয় খাদ্য নিগমের সড়কটি বিকল্প হিসেবে ব্যবহার করতে অনুরোধ করা হয়েছে ।

---

---